



জেলা পরিষদ কার্যালয়
চাঁদপুর।
zp.chandpur.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪২.১৩০০.১০২.১৬.০০৮.২০২৩.৪০

তারিখঃ ১৬/০২/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ গত ১৯.১২.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাগণের সমন্বয় সভায় কার্যবিবরণীর
সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন।

সূত্রঃ বিভাগীয় কমিশনারের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার স্মারক নং- ০৫.৪২.০০০০.০৪১.০৫.০১৭.২৩.১২১, তারিখঃ ১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ।

০১। ক) জেলা পরিষদের আর্থিক বিধি বিধান যথাযথভাবে প্রতিপালনপূর্বক প্রকল্পের ব্যয় নির্বাহ করা হয়ে থাকে।

খ) জেলা পরিষদ কর্তৃক গৃহীত প্রকল্পখাতে ওভারলেপিং যাতে না হয় সেজন্য জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন এবং স্থানীয় জনপ্রতিনিধিদের নিকট প্রকল্প তালিকা প্রেরণ করা হয়েছে। জেলা পরিষদ, চাঁদপুরের ওয়েব সাইটে আপলোড দেওয়া আছে। চাঁদপুর জেলা পরিষদের ওয়েব সাইট zp.chandpur.gov.bd এর আমাদের সেবা পাতার প্রকৌশল শাখার প্রকল্প তালিকা পাওয়া যাবে।

গ) ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থবছরের এডিপি ও রাজস্ব খাতের প্রকল্পসমূহের কাজ দ্রুত এগিয়ে চলছে (অগ্রগতির প্রতিবেদন সংযুক্ত ছকে প্রদান করা হয়েছে)।

ঘ) ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি সাধারণ প্রাপ্ত বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহণ করে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। রাজস্ব খাতের প্রকল্পসমূহের কাজ দ্রুত এগিয়ে চলছে (অগ্রগতির প্রতিবেদন সংযুক্ত ছকে প্রদান করা হয়েছে)।

০২। জেলা পরিষদের ভূমির রেকর্ড সংশোধনের জন্য বিজ্ঞ ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে জেলা পরিষদ কর্তৃক ০৫টি মামলা রুজু করা হয়েছে (মামলা নং- এল.এস.টি ১৪৫/২০১৩, ৭৬৮/২০১৪, ১৭২১/২০১৪, ১৫৬২/২০১৭, ৬৪/২০২১)।

০৩। জেলা পরিষদের বেহাত ভূমি উদ্ধারের জন্য জেলা প্রশাসক কার্যালয়ে ০৩টি উচ্ছেদ মামলা চলমান রয়েছে।

০৪। (ক) গত ৩০/১০/২০২১ তারিখে এলজিইডি, চাঁদপুর কার্যালয়ে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মোট ১০(দশ)টি অডিট আপত্তি নিষ্পত্তি করার সুপারিশ করা হয়।

(খ) ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২ অর্থ বছরের অডিট সম্পন্ন হয়েছে।

(গ) পরবর্তীতে প্রাপ্ত অডিট আপত্তিসমূহ দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় কমিটির মাধ্যমে নিষ্পত্তি করার পদক্ষেপ গ্রহণ করা হবে।

০৫। ২০২২-২০২৩ অর্থ বছরে চাঁদপুর জেলা পরিষদে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের জন্য গত ০৮/০২/২০২৩ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। যা জেলা পরিষদের ওয়েব সাইট zp.chandpur.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

পরিচালক
স্থানীয় সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

স্বাক্ষরিত
(মোহাম্মদ মিজানুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁদপুর।
ফোন নং- ০২৩৩৪৪৮৫৪৯৯
E-mail: zpchandpur@lgd.gov.bd